দৈনিক ইত্তেফাক

৬/১১/২০০৩

তারিখ ......
পৃষ্ঠা ৫ কলাম ৩

# ইউনেস্কোর উদ্যোগের প্রতি শিক্ষক সমিতি ফেডারেশনের সমর্থন

**ইত্তেফাক রিপোর্ট ॥** ইউনেস্কোর মহাপরিচালক কইচিরো মাতসুরা বিশ্বব্যাপী শান্তির স্বপক্ষে অবস্থান নির্মাণের লক্ষ্যে বিভিন্ন কৃষ্টি ও সভ্যতার মধ্যে সংলাপের যে প্রস্তাব দিয়াছেন শিক্ষক সমিতি ফেডারেশন উহার প্রতি সমর্থন ব্যক্ত করিয়াছে। গত রবিবার অনুষ্ঠিত ফেডারেশনের সভায় ভৌগলিক অবস্থান নির্বিশেষে [illegible]

গঠনতন্ত্র অনুসারে শিক্ষা, সংস্কৃতি ও শান্তির পক্ষে ঐক্যবদ্ধ অবস্থান গ্রহণের জন্য বাংলাদেশের শিক্ষক সমাজের পক্ষ হইতে আহবান জানান হয়। ফেডারেশনের সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অধ্যক্ষ আলী আকবর খান, মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ আসাদুল হক, [illegible] খান মোশাররফ হোসেন প্রমুখ বক্তৃতা করেন।